

# রিসার্চ ম্যানেজমেন্ট উইং

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়  
গাজীপুর-১৭০৬

স্মারক নং- বশেমুরকৃবি/পরিচালক(গবে.)/আরএমসি/১১১/২০২০/০৫

তারিখঃ ৩০/০৩/২০২০ খ্রি.

## বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের সকল অনুষদীয় শিক্ষকদের নিকট থেকে RMC/UGC এর অর্থায়নে ৩ (তিন) বৎসর (২০২০-২০২৩) মেয়াদের জন্য গবেষণা প্রকল্প আহবান করা যাচ্ছে। প্রস্তাবিত গবেষণা প্রকল্প RMC কর্তৃক অনুমোদিত বিভাগীয় থিমোটিক এরিয়া এবং বিশ্ববিদ্যালয়ের অগ্রাধিকার ক্ষেত্রের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে। প্রকল্প প্রস্তাবে পোস্টগ্র্যাজুয়েট ছাত্র ছাত্রীদের এ্যাসিস্টেন্টশিপ দেওয়ার ব্যবস্থা রাখা যেতে পারে। প্রস্তাবিত গবেষণা প্রকল্পটি ৩ কপিসহ সফট কপি আগামী ৩০/০৪/২০২০ তারিখ (বৃহস্পতিবার) এর মধ্যে নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত তারিখের পর কোন গবেষণা পত্র জমা নেওয়া হবে না।

শর্তাবলী :

- ১। বাজেটের ক্ষেত্রে প্রকল্পের গুণাগুণ তার মাপকাঠি হিসাবে বিবেচনা করা হবে।
- ২। পূর্বে RMC থেকে প্রাপ্ত প্রকল্প সমূহের আর্থিক এবং চূড়ান্ত প্রতিবেদন ইতোমধ্যে জমাদান করা হয়েছে এই মর্মে নিশ্চয়তা প্রদান করতে হবে।
- ৩। প্রস্তাবিত প্রকল্প ইতিমধ্যে RMC অর্থায়নে সম্পাদিত বা বর্তমানে সম্পাদিত হচ্ছে এমন কোন গবেষণা প্রকল্পের অনুকরণ করা যাবে না।
- ৪। প্রকল্পটি অবশ্যই Outcome Based হতে হবে।
- ৪। দাখিলকৃত প্রকল্প Review প্রক্রিয়ার মাধ্যমে উত্তীর্ণ হতে হবে।
- ৫। RMC থেকে প্রাপ্ত প্রকল্পের ফলাফল প্রকাশনা হিসাবে স্থানীয় প্রাতিষ্ঠানিক অথবা আন্তর্জাতিক জার্নালে প্রকাশ করতে হবে।
- ৬। RMC থেকে পূর্বে প্রাপ্ত প্রকল্পের ফলাফল থেকে স্থানীয় প্রাতিষ্ঠানিক অথবা আন্তর্জাতিক জার্নালে প্রকাশিত প্রকাশনা থাকলে তা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

প্রফেসর ড. এ. কে. এম. আমিনুল ইসলাম  
পরিচালক (গবেষণা)  
বশেমুরকৃবি, গাজীপুর-১৭০৬

সংযুক্তি:

- ১। Research Proposal Format 2020

অনুলিপি:

- ১। ডেপুটি ডিরেক্টর, বশেমুরকৃবি।
- ২। ডিন (গ্র্যাজুয়েট স্টাডিজ/কৃষি/ ফিশারিজ/ভেটেরিনারী মেডিসিন এন্ড অ্যানিম্যাল সায়েন্স/কৃষি অর্থনীতি ও গ্রামীণ উন্নয়ন অনুষদ), বশেমুরকৃবি।
- ৩। বিভাগীয় প্রধান,....., বশেমুরকৃবি।
- ৪। উপ-রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলর দপ্তর, বশেমুরকৃবি।
- ৫। সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার দপ্তর, বশেমুরকৃবি।
- ৬। অফিস নথি/মাস্টার নথি।